# বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন

৭-৯,কাওরান বাজার,ঢাকা।

## অডিট আপত্তি দ্রুত নিস্পত্তি সংক্রান্ত ৪৩তম মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মাদ কামরুজ্জামান
পিবিজিএমএস,এনডিসি,পিএসসি,জি, চেয়ারম্যান,বিটিএমসি।

সভার তারিখ ও সময় : ০৬ সেপ্টেম্বর’২০১৮,সকাল-১১.০০ ঘটিকা।

সভার স্থান : সম্মেলন কক্ষ, বিটিএমসি ভবন, কাওরান বাজার, ঢাকা। ( উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্তি-১)।

১.০০। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং বিস্তারিত উপস্থাপনের জন্য প্রধান নিরীক্ষককে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে প্রধান নিরীক্ষক জনাব মোঃ গোলাম ফয়সাল আলোচ্যসূচী অনুযায়ী গত ০৫/০৮/১৮ খ্রি: তারিখে অনুষ্ঠিত ৪২তম সভার কার্যবিবরণী পাঠ করেন। পাঠান্তে কোন সংশোধন/ সংযোজন না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

২.০০। অত:পর বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য বিষয়ে পাওয়ার পয়েন্টে উপস্থাপন,আলোচনা ও গৃহীত সিদ্ধান্তের চিত্র নিম্নরুপঃ

<table>
<tr><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr>
<td>২.১:সাধারণ /অগ্রিম এর ব্রডশীট জবাব প্রস্তুতপূর্বক বাণিজ্যিক অডিট অধিদপ্তর/ বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ সংক্রান্ত।</td>
<td>প্রধান নিরীক্ষক সভায় জানান,আলোচ্য মাসে কোন ব্রডশীট মিল/হিসাব বিভাগ থেকে পাওয়া যায়নি বিধায় অডিট অধিদপ্তর/মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়নি।<br>(ক) প্রাপ্ত ব্রডশীট জবাবঃ
<table>
<tr><th rowspan="2">ক্রঃ নং</th><th rowspan="2">মিলের নাম</th><th rowspan="2">তারিখ</th><th colspan="2">আপত্তি</th></tr>
<tr><th>ধরন</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td colspan="4">মোট-</td><td>-</td></tr>
</table>
(খ) ব্রডশীট জবাব বস্ত্র ও পাট মন্ত্রণালয়/অডিট অধিদপ্তরে প্রেরণঃ
<table>
<tr><th rowspan="2">ক্রঃ নং</th><th rowspan="2">মিলের নাম</th><th rowspan="2">তারিখ</th><th colspan="2">আপত্তি</th></tr>
<tr><th>ধরন</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td colspan="4">মোট-</td><td>-</td></tr>
</table>
</td>
<td>(ক) বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত আপত্তিসমূহ নিস্পত্তির লক্ষ্যে মিল/ প্রতিষ্ঠান/ সংস্থার হিসাব বিভাগ কর্তৃক ব্রডশীট জবাব দ্রুত বিটিএমসি’র নিরীক্ষা বিভাগে প্রেরণ করতে হবে।<br>(খ) মিল/প্রতিষ্ঠান/ সংস্থার হিসাব বিভাগ হতে অগ্রিম আপত্তিসমূহের ব্রডশীট জবাব পাওয়ার পর (সংস্থার মতামতসহ) দ্রুত বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে ও বাণিজ্যিক অডিট অধিদপ্তরে প্রেরণ করতে হবে।</td>
<td>মিলের প্রধান নির্বাহীগন/ হিসাব বিভাগ, বিটিএমসি।<br><br>নিরীক্ষা বিভাগ, বিটিএমসি।</td>
</tr>
<tr>
<td>২.২: দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার আয়োজন সংক্রান্ত ।</td>
<td>প্রধান নিরীক্ষক সভায় জানান,আলোচ্য মাসে মিল/হিসাব বিভাগ থেকে প্রাপ্ত কার্যপত্র অডিট অধিদপ্তর/মন্ত্রণালয়ে প্রেরণ সংক্রান্ত চিত্র নিম্নরুপঃ<br>(ক) হিসাব বিভাগ থেকে কার্যপত্র গ্রহন:
<table>
<tr><th rowspan="2">ক্রঃ নং</th><th rowspan="2">মিলের নাম</th><th rowspan="2">তারিখ</th><th colspan="2">আপত্তির</th></tr>
<tr><th>ধরন</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>১</td><td>প্রধান কার্যালয়</td><td>২০/০৮/২০১৮</td><td>অগ্রিম</td><td>১৬</td></tr>
<tr><td>২</td><td>প্রধান কার্যালয়</td><td>২৯/০৮/২০১৮</td><td>সংকলনভুক্ত</td><td>০৪</td></tr>
<tr><td colspan="4">মোট-</td><td>২০</td></tr>
</table>
(খ) কার্যপত্র বস্ত্র ও পাট মন্ত্রণালয়/অডিট অধিদপ্তরে প্রেরণঃ
<table>
<tr><th rowspan="2">ক্রঃ নং</th><th rowspan="2">মিলের নাম</th><th rowspan="2">তারিখ</th><th colspan="2">আপত্তি</th></tr>
<tr><th>ধরন</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>১</td><td>প্রধান কার্যালয়</td><td>৩০/০৮/২০১৮</td><td>অগ্রিম</td><td>১৬</td></tr>
<tr><td>২</td><td>প্রধান কার্যালয়</td><td>৩০/০৮/২০১৮</td><td>সংকলনভুক্ত</td><td>০৪</td></tr>
<tr><td colspan="4">মোট-</td><td>২০</td></tr>
</table>
</td>
<td>(ক ও খ) অডিট আপত্তি দ্রুত নিস্পত্তির লক্ষ্যে সভা করার জন্য ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং দ্বি-পক্ষীয় সভার কার্যপত্র বাণিজ্যিক অডিট অধিদপ্তরে প্রেরণ করতে হবে।</td>
<td>মিলের প্রধান নির্বাহীগন/ হিসাব বিভাগ/ নিরীক্ষা বিভাগ, বিটিএমসি।</td>
</tr>
</table>

অপর পাতা/২

<table>
<tr><th>আলোচ্যবিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr>
<td>ঐ</td>
<td>
প্রধান নিরীক্ষক আরও জানান যে, দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা করার জন্য আগস্ট’১৮ পর্যন্ত মোট ২২৫ টি আপত্তির উপর কার্যপত্র অডিট অধিদপ্তর/মন্ত্রণালয়ে প্রেরণ করা আছে, যার সারসংক্ষেপ নিম্নরূপঃ<br>
(গ) আগস্ট’১৮ পর্যন্ত প্রেরিত দ্বি পক্ষীয় সভার কার্যপত্রঃ
<table>
<tr><th>ক্রঃনং</th><th>মিলের নাম</th><th>প্রেরণ</th><th>আপত্তি</th></tr>
<tr><td>১</td><td>লক্ষীনারায়ন কঃ</td><td>১২/০৮/১৬</td><td>১৬</td></tr>
<tr><td>২</td><td>ভালিকা উলেন</td><td>০৮/০৯/১৬</td><td>১৬</td></tr>
<tr><td>৩</td><td>আর,আর টেক্সঃ</td><td>০৬/১২/১৬</td><td>২০</td></tr>
<tr><td>৪</td><td>প্রধান কার্যালয়</td><td>২৬/০৪/১৭</td><td>৩২</td></tr>
<tr><td colspan="3">মোটঃ</td><td>৮৪</td></tr>
</table>
(ঘ)আগস্ট’১৮ পর্যন্ত প্রেরিত ত্রি- পক্ষীয় সভার কার্যপত্রঃ
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>মিলের নাম</th><th>প্রেরণ</th><th>আপত্তি</th></tr>
<tr><td>১</td><td>দোস্ত টেক্সঃ</td><td>২৪/০২/১৬</td><td>১৯</td></tr>
<tr><td>২</td><td>হস্তাঃ মনু ১ ও ২</td><td>৩০/০৮/১৬</td><td>১৮</td></tr>
<tr><td>৩</td><td>ফাইন কটন</td><td>৩০/০৮/১৬</td><td>৭</td></tr>
<tr><td>৪</td><td>অলিম্পিয়া টেক্স:</td><td>২৫/০৯/১৬</td><td>২৬</td></tr>
<tr><td>৫</td><td>মেঘনা টেক্সঃ</td><td>৩০/১১/১৬</td><td>১১</td></tr>
<tr><td>৬</td><td>মাগুরা টেক্সঃ</td><td>২৭/০৩/১৭</td><td>২০</td></tr>
<tr><td>৭</td><td>কিশোরগঞ্জ টেক্সঃ</td><td>৩১/০১/১৮</td><td>২০</td></tr>
<tr><td>৮</td><td>প্রধান কার্যালয়</td><td>৩০/০৮/১৮</td><td>১৬</td></tr>
<tr><td>৯</td><td>প্রধান কার্যালয়</td><td>৩০/০৮/১৮</td><td>০৪</td></tr>
<tr><td colspan="3">মোটঃ</td><td>১৪১</td></tr>
<tr><td colspan="3">দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয়সহ সর্বমোট(গ+ঘ)</td><td>২২৫</td></tr>
</table>
প্রধান নিরীক্ষক আরও জানান যে, আগস্ট’১৮ মাসে কোন দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা করা সম্ভব হয়নি।<br>
(ঙ)আগস্ট’১৮ মাসে অনুষ্ঠিত দ্বি-পক্ষীয় সভার বিবরনঃ
<table>
<tr><th>ক্রঃনং</th><th>মিলের নাম</th><th>সভার তারিখ</th><th>আলোচিত আপত্তি</th><th>সুপারিশ</th></tr>
<tr><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
</table>
(চ) আগস্ট’১৮ মাসে অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভার বিবরনঃ
<table>
<tr><th>ক্রঃনং</th><th>মিলের নাম</th><th>সভার তারিখ</th><th>আলোচিত আপত্তি</th><th>সুপারিশ</th></tr>
<tr><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
</table>
প্রেরিত কার্যপত্রের উপর সভা করার জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং নিরীক্ষা অধিদপ্তরের কর্মকর্তাদের সাথে যোগাযোগ অব্যাহত আছে।
</td>
<td>
(গ) দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠানের জন্য কার্যপত্র প্রস্তুতপূর্বক প্রেরণের বিষয়ে আরও সচেষ্ট এবং সভা করার বিষয়ে বাণিজ্যিক নিরীক্ষা অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>
(ঘ) ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠানের জন্য কার্যপত্র প্রস্তুতপূর্বক বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ এবং সভা করার বিষয়ে বাণিজ্যিক নিরীক্ষা অধিদপ্তর/বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।
</td>
<td>
মিলের প্রধান নির্বাহীগন /সংস্থার হিসাব বিভাগ/নিরীক্ষা বিভাগ, বিটিএমসি।<br><br>
মিলের প্রধান নির্বাহীগন /সংস্থার হিসাব বিভাগ/নিরীক্ষা বিভাগ, বিটিএমসি।
</td>
</tr>
<tr>
<td>২.৩:সংকলন ভূক্ত আপত্তির অগ্রগতি সংক্রান্ত।</td>
<td>প্রধান নিরীক্ষক সভায় জানান যে, আগস্ট’১৮ মাসে বিটিএমসি প্রধান কার্যালয়ের ৪ টি সংকলনভুক্ত আপত্তির উপর সভা করার জন্য কার্যপত্র ৩০/০৮/২০১৮ খ্রিঃ তারিখে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মিল ও প্রধান কার্যালয়ের সংকলনভুক্ত আপত্তির জবাব তথ্য ও প্রমানকসহ প্রেরণের জন্য মিল ও প্রধান কার্যালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।</td>
<td>সংকলনভুক্ত আপত্তির জবাব মিল থেকে সংগ্রহ করে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ ত্বরান্বিত করতে হবে।</td>
<td>মিলের প্রধান নিবার্হীগন /নিরীক্ষা বিভাগ, বিটিএমসি।</td>
</tr>
</table>

অপর পাতা/৩

<table>
<tr><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>২.৪: অনিষ্পন্ন অডিট আপত্তির সঠিক সংখ্যা/ শ্রেনী বিণ্যাস ও সংকলনভুক্ত আপত্তির সংখ্যার গড়মিল বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে মিলকরণ।</td><td>প্রধান নিরীক্ষক সভায় জানান যে, এ বিষয়ে সংশ্লিষ্ট মিলসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে। তদানুযায়ী অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। মিলগুলো পৃথক পৃথকভাবে যোগাযোগ করছে।</td><td>(ক) আপত্তির সঠিক সংখ্যা ও শ্রেণী বিন্যাস (সাধারন, অগ্রীম ও সংকলনভুক্ত) করে বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে যাচাই/ মিলকরণ করতে হবে।</td><td>মিলের প্রধান নির্বাহীগন /নিরীক্ষা বিভাগ, বিটিএমসি।</td></tr>
<tr><td>২.৫: ক্রমপুঞ্জিভুত অডিট আপত্তির সংখ্যা ও নিস্পত্তি।</td><td>প্রধান নিরীক্ষক সভায় জানান যে, আগস্ট’১৮ পর্যন্ত মোট ১৭,৯৯০ টি আপত্তির মধ্যে ১৫,২২৪ টি আপত্তি নিষ্পত্তি হয়েছে, যা মোট আপত্তির ৮৪.৬৩%। অবশিষ্ট অমিমাংসিত আপত্তির সংখ্যা ২,৭৬৬ টি। আগস্ট-১৮ মাসে নিস্পত্তি ও আগস্ট’১৮ মাস পর্যন্ত অমিমাংসিত আপত্তির শ্রেণীবিন্যাসভিত্তিক চিত্র নিম্নরুপঃ<br>(ক) ক্রমপুঞ্জিভুত আপত্তি ও নিস্পত্তির চিত্রঃ
<table>
<tr><th>স্থিতি (জুলাই’১৮)</th><th>নতুন প্রাপ্ত</th><th>মোট</th><th>নিস্পত্তি</th><th>অমিমাংসিত (আগস্ট’১৮)</th></tr>
<tr><td>২,৭৭০</td><td>০০</td><td>২,৭৭০</td><td>০৪</td><td>২,৭৬৬</td></tr>
</table>
(খ)আগস্ট’১৮ মাস পর্যন্ত অমিমাংসিত আপত্তির শ্রেণীবিন্যাস (কোটি টাকা):
<table>
<tr><th>সাধারন</th><th>অগ্রিম</th><th>ডিপি</th><th>সংকলনভুক্ত</th><th>মোট</th><th>আর্থিক সংশ্লেষ</th></tr>
<tr><td>১,৮৭৪</td><td>৮৫৩</td><td>০৬</td><td>৩৩</td><td>২,৭৬৬</td><td>৬,২৩২.০০</td></tr>
</table>
(গ) আগস্ট’১৮ মাসে নিস্পত্তিকৃত আপত্তির শ্রেণীবিন্যাস (কোটি টাকায়):
<table>
<tr><th>মিলের নাম</th><th>সাধারন</th><th>অগ্রিম</th><th>মোট</th><th>আঃসংশ্লেষ</th></tr>
<tr><td>দিনাজপুর টেক্সঃ</td><td>০৪</td><td>০০</td><td>০৪</td><td>০.০৮</td></tr>
<tr><td>মোট-</td><td>০৪</td><td>০০</td><td>০৪</td><td>০.০৮</td></tr>
</table>
</td><td>সংস্থার হিসাব বিভাগ/মিল /প্রতিষ্ঠান থেকে ব্রডশীট জবাব সংগ্রহ করে সংস্থার মন্তব্যসহ মন্ত্রণালয়ে প্রেরণ তরান্বিত করতে হবে।</td><td>মিলের প্রধান নির্বাহীগন / নিরীক্ষা বিভাগ, বিটিএমসি।</td></tr>
<tr><td>২.৬: ২০১৭-১৮ অর্থ বছরের অভ্যন্তরীন নিরীক্ষা সংক্রান্ত।</td><td>প্রধান নিরীক্ষক সভায় জানান,২০১৭-২০১৮ অর্থ বছরের অভ্যন্তরীন নিরীক্ষা কাজ সম্পন্নের জন্য কর্ম পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়াধীন আছে ।</td><td>২০১৭-১৮ এর অভ্যন্তরীন নিরীক্ষা কার্যক্রম সংক্রান্ত কর্ম পরিকল্পনা দ্রুত প্রনয়ণ করতে হবে।</td><td>নিরীক্ষা বিভাগ, বিটিএমসি।</td></tr>
<tr><td>২.৭: বিবিধ।</td><td>(ক) প্রধান নিরীক্ষক সভায় বলেন যে, ডাটা-এন্ট্রির কার্যক্রম সম্পন্ন করা হয়েছে, যা যাচাই-বাছাই এর কাজ অব্যাহত রয়েছে। এছাড়া মাসিক প্রতিবেদন ও অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদি সংস্থার ওয়েব সাইটে প্রতিনিয়ত সন্নিবেশ করা হচ্ছে।</td><td>(ক) অডিট আপত্তিসমুহের ডাটা-বেইজ হালনাগাদ করতে হবে এবং মাসিক প্রতিবেদন ও অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদি সংস্থার ওয়েব সাইটে প্রতিনিয়ত সন্নিবেশ করতে হবে।</td><td>নিরীক্ষাবিভাগ/ মোঃ হাফিজুর রহমান, হিসাব কর্মকর্তা, হিসাব বিভাগ, বিটিএমসি।</td></tr>
</table>

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.৭: বিবিধ। | (খ) প্রধান নিরীক্ষক সভায় জানান যে, আগস্ট'১৮ মাসে কমিটি কর্তৃক ১৬টি সাধারন আপত্তির উপর কার্যপত্র জবাব পাওয়া গিয়েছে,যা বাণিজ্যিক অডিট অধিদপ্তরে ৩০/০৮/২০১৮খ্রিঃ তারিখে প্রেরণ করা হয়েছে। | (খ) আপত্তি নিস্পত্তি ত্বরান্বিত করার লক্ষ্যে গঠিত কমিটি কর্তৃক মাসে ২০ টি আপত্তির উপর কার্যপত্র/ব্রডশীট জবাব প্রণয়নপূর্বক নিরীক্ষা বিভাগে প্রেরণ করবে। | সংশ্লিষ্ট কমিটি। |
| | (গ) সভাপতি বলেন যে, সংস্থার প্রধান কার্যালয়ের সরকারী বাণিজ্যিক নিরীক্ষা আপত্তি নিস্পত্তি সংক্রান্ত ব্রডশীট জবাব ,কার্যপত্র প্রণয়ন ইত্যাদি সংক্রান্ত কার্যক্রম হিসাব বিভাগ থেকে পৃথক করে সংস্থার নিরীক্ষা বিভাগ কর্তৃক সম্পাদন করতে হবে।<br>সভাপতি মহোদয়ের নির্দেশনার প্রেক্ষিতে প্রধান নিরীক্ষক সভায় জানান যে, বিটিএমসি'র জন্মলগ্ন থেকে নিয়ন্ত্রণাধীন মিলগুলোর সরকারী বাণিজ্যিক নিরীক্ষা আপত্তি নিস্পত্তি সংক্রান্ত কার্যক্রমের ন্যায় সংস্থার প্রধান কার্যালয়ের সরকারী বাণিজ্যিক নিরীক্ষা আপত্তি নিস্পত্তি সংক্রান্ত ব্রডশীট জবাব ,কার্যপত্র প্রনয়ণ ইত্যাদি সংক্রান্ত কার্যক্রম হিসাব বিভাগ থেকে সম্পাদন করে নিরীক্ষা বিভাগে প্রেরণ করা হয়। সংস্থার হিসাব বিভাগ থেকে প্রাপ্ত ব্রডশীট জবাব ,কার্যপত্র নিরীক্ষা বিভাগ কর্তৃক যাচাই-বাছাই করে কর্তৃপক্ষের অনুমোদন গ্রহনপূর্বক বানিজ্যিক নিরীক্ষা অধিদপ্তর/ বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।<br>সরকারী বাণিজ্যিক নিরীক্ষা আপত্তি নিস্পত্তি, অভ্যন্তরীন নিরীক্ষা কার্যক্রম,বহিঃনিরীক্ষা কার্যক্রম, অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের ছাড়পত্র প্রদান ইত্যাদি কার্যক্রম সম্পাদনের নিমিত্ত নিরীক্ষা বিভাগে এনাম কমিটির সেট-আপ অনুযায়ী ৫৪টি পদে লোকবল ছিল। উক্ত কার্যক্রম পরিচালনা ছাড়াও আরও অন্যান্য কার্যক্রম পরিচালনার জন্য বর্তমানে নিরীক্ষা বিভাগে মাত্র ৪ জন কর্মকর্তা ও ৪ জন কর্মচারী রয়েছে। এর ফলে বার্ষিক অভ্যন্তরীন নিরীক্ষা কার্যক্রম ও নিরীক্ষা বিভাগের অন্যান্য নিয়মিত কার্যক্রম যথাসময়ে সম্পাদনে অন্তরায় হচ্ছে। এ ছাড়াও মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর কার্যালয় এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী অভ্যন্তরীন নিয়ন্ত্রণ ব্যবস্থার আওতায় ত্রৈ-মাসিক ভিত্তিতে অভ্যন্তরীন নিরীক্ষার কার্যক্রম চালু করতে হবে। বর্নিত অবস্থায় ৩/৪জন কর্মকর্তা নিরীক্ষা বিভাগে বদলী/নিয়োগ করা হলে নিরীক্ষা সংক্রান্ত হিসাব বিভাগের কাজ এবং ত্রৈ-মাসিক ভিত্তিতে অভ্যন্তরীন নিরীক্ষার কার্যক্রম পরিচালনা করা সম্ভব হবে ।<br>প্রধান নিরীক্ষকের বক্তব্যের প্রেক্ষিতে সভাপতি বলেন যে, অভ্যন্তরীন নিয়ন্ত্রন ব্যবস্থা জোড়দার করার লক্ষ্যে সংস্থার বিভিন্ন বিভাগ/শাখা ও মিলসমূহের আয়-ব্যয়,ক্রয়-বিক্রয় ও প্রশাসনিক সকল কার্যক্রম ত্রৈমাসিক ভিত্তিতে নিরীক্ষা করে কোন আর্থিক অনিয়ম,সরকারী বিধি-বিধান প্রতিপালনে ত্রূটি-বিচ্যুতি হলে তা নিরুপন করে কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করবে। আর্থিক নিয়ম,সরকারী বিধি-বিধান প্রতিপালনে নিরীক্ষা বিভাগ কর্তৃপক্ষের পরামর্শক হিসেবে কাজ করবে। উক্ত কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবল নিরীক্ষা বিভাগে নিয়োগ/বদলীর বিষয়ে একটি সুনিদৃষ্ট প্রস্তাবনা কর্তৃপক্ষের নিকট উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। | (১) সংস্থার সরকারী বাণিজ্যিক নিরীক্ষা আপত্তি নিস্পত্তি সংক্রান্ত যাবতীয় কার্যাবলী নিরীক্ষা বিভাগ কর্তৃক সম্পন্ন করতে হবে;<br>(২) অভ্যন্তরীন নিয়ন্ত্রন ব্যবস্থা জোড়দার করার লক্ষ্যে সংস্থার বিভিন্ন বিভাগ/শাখা ও মিলসমূহের আয়-ব্যয়,ক্রয়-বিক্রয় ও প্রশাসনিক সকল কার্যক্রম ত্রৈমাসিক ভিত্তিতে নিরীক্ষা করে কোন আর্থিক অনিয়ম,সরকারী বিধি-বিধান প্রতিপালনে ত্রূটি-বিচ্যুতি হলে তা নিরুপন করে কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে;<br>(৩) আর্থিক নিয়ম,সরকারী বিধি-বিধান প্রতিপালনে নিরীক্ষা বিভাগ কর্তৃপক্ষের পরামর্শক হিসেবে কাজ করবে;<br>(৪) ক্রমিক নং ১-৩ এ বর্নিত কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবল নিরীক্ষা বিভাগে নিয়োগ/পদায়নের বিষয়ে নিরীক্ষা বিভাগ একটি সুনিদৃষ্ট প্রস্তাবনা কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করবে এবং তদানুযায়ী জনবল নিয়োগ/ বদলী করা হবে। | নিরীক্ষা বিভাগ, বিটিএমসি । |

৩.০০। অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত-১০/০৯/২০১৮খ্রিঃ
ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মাদ কামরুজ্জামান
পিবিজিএমএস,এনডিসি,পিএসসি,জি,
চেয়ারম্যান,বিটিএমসি
ও
সভাপতি, অডিট আপত্তি নিস্পত্তি সংক্রান্ত কমিটি,বিটিএমসি।